

### সশরীরে উপস্থিত প্রিন্সিপাল মূল্যায়নের সম্মতি

শিক্ষার্থীর নাম:	শিক্ষার্থীর ID#:	DOB:
ঠিকানা:	অ্যাপার্টমেন্ট #:	
সিটি:	স্টেট: নিউ ইয়র্কের	ZIP:
প্রোভাইডারের নাম:	ফোন নম্বর:	
প্রোভাইডার এজেন্সি:	ফোন নম্বর:	

### নির্দেশনা:

এই সম্মতিপত্র অবশ্যই সশরীরে মূল্যায়ন শুরুর বা পুনরারম্ভের আগে সম্পন্ন করতে হবে। সব ধরনের মূল্যায়নের (যেমন সামাজিক ইতিহাস, মানসিক ইত্যাদি) জন্য আলাদা আলাদা সম্মতিপত্র আবশ্যিক।

আমি, (পিতামাতা/অভিভাবকের পুরো নাম) \_\_\_\_\_, আমার সন্তানের প্রিন্সিপাল স্পেশাল এডুকেশন মূল্যায়ন সশরীরে পরিচালনার অনুমতি দিচ্ছি। আমি জানি যে দূর থেকে মূল্যায়নের সুযোগ এখনও পাওয়া যাচ্ছে এবং COVID-19 জরুরি অবস্থা ঘোষণা দেয়ার পর থেকে তা প্রাধান্য পাচ্ছে। আমার সন্তানের মূল্যায়ন যেন সম্ভাব্য সবচেয়ে নিরাপদ উপায়ে সম্পন্ন করা হতে পারে, সেজন্য আমি নিচের শর্তগুলোর সাথে একমত।

- অধিবেশনে যেসব ব্যক্তি উপস্থিত থাকবেন এবং যাদের বয়স 2 বছর বা বেশি, তারা নাক-মুখে আবরণ পরিধান করবেন।
- আমার সন্তান অধিবেশন চলাকালে নাক-মুখে আবরণ পরিধান করবে, যদি না তা শারীরিক বা বৃদ্ধিজনিত কারণে অনুপযুক্ত হয় কিংবা ক্লিনিশিয়ান যদি নিশ্চিত হন যে সেটা মূল্যায়নকে প্রভাবিত করবে।
- মূল্যায়নের সাথে সরাসরি সম্পর্কিত নয়, উপস্থিত এমন সবাইকে মূল্যায়নস্থলের কমপক্ষে 6 ফুট দূরে অবস্থান করতে হবে।
- উপস্থিত সবাইকে অধিবেশন শুরুর আগে ও শেষ হওয়ার পরে পরেই তাদের হাত সাবান ও পানি দিয়ে ধুতে হবে বা অ্যালকোহল-বেজড জীবাণুনাশক ব্যবহার করে পরিষ্কার করতে হবে।
- যদি মূল্যায়ন আমার বাড়িতে পরিচালনা করা হয়, তাহলে আমি ক্লিনিশিয়ানের জন্য আসার পরপর, অধিবেশন শুরুর ঠিক আগে এবং অধিবেশন সমাপ্তির পরে একটি সিংক, সাবান ও পেপার টাওয়েল ব্যবহারের এবং হাত শুকানোর ব্যবস্থা করে দেবো।
- প্রতিটি অধিবেশনের আগে COVID-19-এর বিভিন্ন উপসর্গ, যেমন জ্বর, কাশি, শ্বাসকষ্ট, ঠাণ্ডায় কাঁপুনি অনুভূতি, পেশীতে ব্যথা, গলা-ব্যথা, নতুন করে রুচিহীনতা বা ঘ্রাণশক্তি বিলোপ, ইত্যাদি আছে কি না, সেটা নিশ্চিত করতে আমার, আমার সন্তানের এবং আমার বাড়ির সবার সুস্থতা মনিটর করবো। আমার বাড়ির কেউ অসুস্থ হলে বা কারও এ ধরনের কোনো লক্ষণ থাকলে আমি এজেন্সিকে অধিবেশনের আগে বা যখন প্রোভাইডার আমাকে জিজ্ঞাসা করবেন, তখন জানিয়ে দেবো।
- যদি আমার বাড়ির কারও ক্ষেত্রে নিম্নলিখিতগুলোর কোনোটি প্রযোজ্য হলে আমি এজেন্সিকে অবহিত করবো:
  - বিগত 14 দিনের মধ্যে পরীক্ষায় COVID-19 সংক্রমণ ধরা পড়লে
  - NYC টেস্ট অ্যান্ড ট্রেস টিমের কোনো ডাক্তার COVID-19-এর জন্য ঘরে অবস্থান করার পরামর্শ দিলে
  - নিউ ইয়র্ক স্টেট COVID-19 ভ্রমণ সংক্রান্ত উপদেশক (ট্র্যাভেল এডভাইজরি)-এর বাধ্যবাধকতা অনুযায়ী কোয়ারেন্টাইন আবশ্যিক হয় (<https://coronavirus.health.ny.gov/covid-19-travel-advisory>)
- যদি সশরীরে মূল্যায়ন বাতিল করতে এবং দূর থেকে মূল্যায়ন ব্যবস্থা স্থলাভিষিক্ত করতে হয়, তাহলে সে দূর থেকে মূল্যায়ন ব্যবস্থাটি হবে পরিবর্তিত মূল্যায়ন, এবং সেটা সশরীরে মূল্যায়নের পাশাপাশি আরেকটি মূল্যায়ন হবে না।
- ক্লিনিশিয়ান অধিবেশন চলাকালে মূল্যায়নে ব্যবহার্য কাগজপত্র ও প্রয়োজনীয় উপকরণ ছাড়া কোনো খেলনা বা কোনো জিনিসপত্র বাড়িতে নিয়ে আসবেন না।

পিতামাতা/অভিভাবক (ইংরেজি বড় অক্ষরে)

পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

তারিখ